কোনো জ্বালাও-পোড়াও করে নির্বাচন বানচাল করা যাবে ন: হানিফ

কোনো জ্বালাও-পোড়াও করে নির্বাচন বানচাল করা যাবে না বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি।

তিনি বলেন, কোনো জ্বালাও-পোড়াও করে নির্বাচন বানচাল করা যাবে না। ২০১৩-১৪ সালে বিএনপি আন্দোলনের নামে যে সন্ত্রাসী কর্মকাণ্ড করেছিল তার খেসারত দিতে হয়েছে। বিগত দিনের মতো এবারও সন্ত্রাসী কর্মকাণ্ড করলে তাদের দলীয় নেতাকর্মীদের খেসারত দিতে হবে।

আজ সোমবার দুপুরে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমিতে রেসিডেন্সিয়াল স্কুলের বার্ষিক পরীক্ষার ফল প্রকাশ ও পুরস্কার প্রদান অনুষ্ঠানে সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

নির্বাচনের নামে সরকার নাটক মঞ্চস্থ করতে যাচ্ছে বিএনপির এমন মন্তব্যের প্রেক্ষিতে মাহবুবউল আলম হানিফ বলেন, ভ্রান্ত রাজনীতির কারণে এখন তারা দিশেহারা। দিশেহারা কোনো ব্যক্তি বা গোষ্ঠী কী বলে না বলে সেটি আমলে নেয়ার কিছু নেই। নির্বাচনের সকল প্রস্তুতি সম্পন্ন। বিএনপি নির্বাচনে অংশ না নিয়ে তারা দিশেহারা হয়ে পড়েছে।

স্মার্ট বাংলাদেশ গড়তে শেখ হাসিনার বিকল্প নেই উল্লেখ করে তিনি বলেন, ২০০৮ সালের ২৯ ডিসেম্বর নির্বাচনের আগে আওয়ামী লীগ ইশতেহারে ঘোষণা করেছিল রাষ্ট্রক্ষমতায় আসলে বাংলাদেশ হবে ডিজিটাল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন হয়েছে। আমরা এখন স্মার্ট বাংলাদেশের দিকে এগিয়ে যাচ্ছি।

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, স্মার্ট বাংলাদেশের প্রথম শর্ত প্রথম স্মার্ট নাগরিক সিটিজেন তৈরি করা। স্মার্ট ইকোনমি, স্মার্ট সরকার ও স্মার্ট সোসাইটি গড়ে তুলতে হবে। সবগুলো যখন করা সম্ভব হবে তখনই স্মার্ট বাংলাদেশ হবে।

শেখ হাসিনা দেশের মানুষের আস্থা ও বিশ্বাসের জায়গায় পরিণত হয়েছেন উল্লেখ করে আওয়ামী লীগের এই সিনিয়র নেতা বলেন, আজ দেশের মানুষের মাথাপিছু আয় ২৯০০ ডলার ছাড়িয়েছে। বিশ্বের বড় বড় অর্থনীতিবিদরা বলছেন উন্নয়নের এ ধারা অব্যাহত থাকলে বাংলাদেশ ২০৩১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিণত হবে। ২০৪১ সালে উন্নত বাংলাদেশ হবে এবং এটাই আমাদের লক্ষ্য। শেখ হাসিনা কথা দিয়েছিলেন এবং তা পূরণও করেছেন।

আন্দোলনের নামে বিএনপি সন্ত্রাসী কর্মকাণ্ড করলে তাদের দলীয় নেতা কর্মীদের খেসারত দিতে হবে বলে হুঁশিয়ার করে আওয়ামী লীগের এই যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, আওয়ামী লীগের শাসনামলে বাংলাদেশ পৃথিবীতে নতুন পরিচিতি লাভ করেছে। যে দেশ একসময় ব্যর্থ রাষ্ট্র, দুর্নীতি, সন্ত্রাস ও জঙ্গিবাদের দেশ হিসেবে চিহ্নিত ছিল সেই দেশকে নতুন পরিচয় এনে দিয়েছেন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা। দূরদৃষ্টিসম্পন্ন শেখ হাসিনা ক্ষমতায় থাকায় এটি সম্ভব হয়েছে।

তিনি বলেন, আগামী ৭ জানুয়ারি যথারীতি নির্বাচন অনুষ্টিত হবে। নির্বাচনে জনগণের রায় নিয়েই শেখ হাসিনার নেতৃত্বে আবারও সরকার গঠন করে দেশের উন্নয়ন-অগ্রগতির ধারা অব্যাহত রাখবে।

ইমতিয়াজ সুলতানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া শহর আওয়ামী লীগের সদস্য ব্যারিস্টার গৌরব চাকী, শিক্ষক মোহম্মদ হাসান জাহাঙ্গীর, শিক্ষক পরিতোষ কুমার দাস, ফারজানা আক্তার ও শাহাবুদ্দিন শেখ।

বিজয়ের স্লোগান

স্বাধীনতা তুমি মিশে আছো নয়নের জলে
ত্রিশ লাখ শহীদের রক্তে ভেজা মাটিতে
আকাশে বাতাসে শুনি শহীদের প্রতিধ্বনি
বুকফাটা কান্না হৃদয়ে তবুও শান্তনার বাণী। এলো ফিরে ষোলো ডিসেম্বর বিজয়ের মাস
ফুলে ফুলে সজ্জিত শহীদ মিনার বুকে দীর্ঘশ্বাস পাক হানাদের নির্মমতার চিত্র ভেসে ওঠে চোখে

নির্বিচারে গুলি চালিয়েছিলো বাঙালির বুকে
সোনালি অক্ষরে লেখা ইতিহাসে বাংলা মা’কে।
আজও শুনি একাত্তরের সেই বিজয়ের স্লোগান
কৃষক শ্রমিক মেহনতি জনতার মুক্তির জয়গান
স্বাধীন হয়েছি মোরা ভেঙেছি পরাধীনতার শিকল
জানিয়ে দাও সারাবিশ্বে উড়িয়ে দাও মায়ের আঁচল

এইচএসসি পাসে নিয়োগ দেবে আকিজ বেকারস

জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে আকিজ বেকারস লিমিটেড। প্রতিষ্ঠানটিতে সেলস সুপারভাইজার পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম

সেলস সুপারভাইজার।

শিক্ষাগত যোগ্যতা

প্রার্থীকে এইচএসসি/স্নাতক পাস হতে হবে। অভিজ্ঞতা: এক বছর। তবে অভিজ্ঞতা ছাড়াও আবেদন করতে পারবেন। পুরুষ প্রার্থীরা আবেদন করতে পারবেন। বয়স: সর্বনিম্ন ২০ বছর।

কর্মস্থল

যেকোনো স্থান।

বেতন

১৩,০০০-১৬,০০০/- টাকা।

আবেদনের পদ্ধতি

আগ্রহী প্রার্থীরা বিডিজবস অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ

২৪ ডিসেম্বর, ২০২৩

সূত্র : বিডিজবস

নোটপ্যাডে এবার দেখা যাবে শব্দসংখ্যা

মাইক্রোসফট নোটপ্যাড উইন্ডোজের অন্যতম চমৎকার ফিচার বলেই পরিচিত। অনেকে দ্রুত লেখার কাজ সম্পন্ন করার জন্য এই নোটপ্যাড ব্যবহার করেন। তবে মাইক্রোসফট ওয়ার্ড কিংবা ওয়ার্ডপ্যাডের মতো এই নোটপ্যাডে শব্দসংখ্যা দেখার সুযোগ নেই। শব্দসংখ্যা দেখতে না পাওয়া একটি বড় সমস্যা ছিল এই অ্যাপে।

শব্দসংখ্যা দেখা যেত, তবে সেজন্য আবার ম্যানুয়াল কিছু বাটনে একের পর এক ক্লিক করতে হতো। কিন্তু সম্প্রতি মাইক্রোসফট নোটপ্যাডে শব্দসংখ্যা দেখার আলাদা সুবিধা দিচ্ছে।

সম্প্রতি ক্যানারি চ্যানেল উইন্ডোজ ১১-এর টেস্ট ভার্সনে এমনটিই দেখিয়েছে। কোনো টেক্সট সিলেক্ট করার পর একটি স্ট্যাটাস বারে এখন ওয়ার্ড কাউন্ড দেখা যাবে। চলতি বছর নোটপ্যাডে একাধিক আপডেট এসেছে। বিশেষত অটোসেভ ফাংশনটি অনেকের কাছেই জনপ্রিয় হয়ে উঠতে শুরু করেছে। উইজ্যাট ফিচারেও তারা ব্যাপক বদল এনেছে।

নোটপ্যাডের নতুন এই ফিচার এখন শুধু উইন্ডোজ ইনসাইডার প্রোগ্রামের অংশ তাই ডেভেলপার বা বেটা আগ্রহীরাই শুধু এই ফিচারটি ব্যবহার করতে পারছেন। আর এই বিশেষ ফিচারটি মূল উইন্ডোজ সংস্করণে চলে আসলে লেখার সঙ্গে সংযুক্ত পেশার অনেকেই উপকৃত হবেন।

সূত্র: টেকলুসিভ

মেহেরপুরে সাংবাদিকদের সঙ্গে পুলিশ সুপারের মতবিনিময়

মেহেরপুরের বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেছেন নবাগত পুলিশ সুপার এস এম নাজমুল হক।

আজ সোমবার দুপুর ১২টায় পুলিশ সুপারের কনফারেন্সে রুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) আহসান খানের সঞ্চালনায় মেহেরপুরের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সভাপতি আলামিন হোসেন, সাবেক সভাপতি ফারুক হোসেন, সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম, চ্যানেল ২৪ এর স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান, আরটিভি প্রতিনিধি মাজেদুল হক মানিক, দেশ রুপান্তর প্রতিনিধি তুহিন আরন্য, এখন টিভি প্রতিনিধি মুজাহিদ আল মুন্না, ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম।

আলোচনায় সাংবাদিকরা মেহেরপুরের অনলাইন জুয়া, মাদক পাচার, ডলাল পাচার, সোনা পাচার, মানব পাচার, ছিনতাই, চুরিসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডের বর্তমান পরিস্থিতি তুলে ধরেন। একই সঙ্গে চলমান দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে নিরাপত্তা ব্যবস্থা এবং পুলিশের ভুমিকা নিয়েও আলোচনা করেন।

পুলিশ সুপার এস এম নাজমুল হক তাঁর বক্তব্যে বলেন, জনগণের সার্বিক নিরাপত্তা নিয়ে পুলিশ আরো বেশি ভুমিকা পালন করবে। সড়ক দুর্ঘটনা রোধে টেকসই পদ্ধতি গ্রহণ করা হবে যাতে রোধ করা সম্ভব হয়। অনলাইন জুয়া, মাদক, মানবপাচারসহ শান্তিপূর্ণ মেহেরপুর গড়ে তোলার লক্ষে সাংবাদিকদের সকল প্রকার সহযোগীতায় কামনা করেন।

মেহেরপুরের বারাদীতে ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

‘ ‘সবার জন্য মানসম্মত শিক্ষা ও শিক্ষায় বৈষম্য দূর করতে সামাজিক প্লাটফরম কমিউনিটি এডুকেশনের আয়োজনে ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা হয়েছে।

আজ সোমবার সকাল ১০ টার দিকে বারাদীর তৃণমূল মডেল একাডেমীতে,গনসাক্ষরতা অভিযানে সহায়তায় মানক উন্নয়ন কেন্দ্র (মউক) আয়োজিত কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

বারাদী ইউনিয়নের ওয়াচ গ্রুপের সভাপতি আইনাল হকের সভাপতিত্বে ওয়াচ গ্রুপের বর্তমান ও আগামী পরিকল্পনা নিয়ে স্বাগত বক্তব্য দেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

আরো বক্তব্য রাখেন বারাদী ইউনিয়নের ওয়াচ গ্রুপের সহ-সভাপতি গোলাম মোস্তফা শান্তি,ওয়াচ সদস্য ছাকন উদ্দিন, সমাজসেবক বুলবুলি খাতুন ও আনোয়ার, সাংবাদিক সাইফুল ইসলাম প্রমুখ।

এসময় সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি, শিক্ষায় বৈষম্য দূরকরণ,প্রান্তিক শিশুদের বিদ্যালয়ে ফেরানোর, ঝরেপড়া শিশুদের বিদ্যালয়ে ফেরানোর চেষ্টা করা, জনগোষ্ঠির শিশুদের বিষয়ে নিয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন মউক এর প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা। অনুষ্ঠাটির স্বার্বিক দায়িত্বে ছিলেন কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রম এর সহকারী প্রোগ্রাম অফিসার মোছাঃ আফরোজা আক্তার।

বাড়ি ছেড়ে চলে গেলেও আলাদা হচ্ছেন না অভিষেক-ঐশ্বরিয়া

বলিউডের তারকা দম্পতি অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়া রাই বচ্চনের বিয়ের পর বহুবার তাদের সংসার ভাঙার গুঞ্জন শোনা গেছে। সম্প্রতি জানা যায় ঐশ্বরিয়া তার শশুর বাড়ি ছেড়ে চলে গেলেও মেয়ে আরাধ্যার মুখ চেয়েই নাকি আইনত আলাদা হওয়ার সিদ্ধান্ত নিচ্ছেন না অভিষেক-ঐশ্বরিয়া।

টাইমস নাউ-এর এক প্রতিবেদনে বলা হয়েছে, বিচ্ছেদের গুজবের মধ্যেই ঐশ্বরিয়া রাই, বচ্চন বাড়ি ছেড়ে চলে গেছেন। তবে সন্তানের ভবিষ্যতের কথা চিন্তা করে অভিষেক-ঐশ্বরিয়ার বিবাহ বিচ্ছেদের সম্ভাবনা নেই।

এই তারকা দম্পতির ঘনিষ্ঠ একটি সূত্র জানিয়েছে যে তারা তাদের মেয়ের কারণে তাদের সম্পর্ক শেষ করার কথা ভাবছে না।

সূত্রটি বলেছে “এটি তাদের সন্তানের জন্য যে অভিষেক এবং ঐশ্বরিয়া এখনও একসাথে আছেন,”। “তারা কয়েক বছর ধরে সমস্যায় ভুগছে। এখন বিষয়গুলো মাথায় এসেছে।”

তাছাড়া, অভিনেত্রী তার শাশুড়ি জয়া বচ্চনের সাথে কথা বলছেন না।

ঐশ্বরিয়া রাই বচ্চন এবং অভিষেক বচ্চন দাম্পত্য জীবনের ১৬ বছরেরও বেশি সময় পার করেছেন। কিন্তু গত কয়েক সপ্তাহ ধরে তাদের সম্পর্কে একাধিক প্রতিবেদন এবং গুজব ছিল।

মোহামেডানকে হারিয়ে চ্যাম্পিয়ন বসুন্ধরা

স্বাধীনতা কাপের ফাইনালে মোহামেডানকে হারিয়ে শিরোপা জিতেছে বসুন্ধরা কিংস। সোমবার (১৮ ডিসেম্বর) গোপালগঞ্জের শেখ ফজলুল হক

মনি স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনালে মোহামেডান স্পোর্টিং ক্লাবকে ২-১ গোলের ব্যবধানে হারায় বসুন্ধরা কিংস।

এই নিয়ে টানা দ্বিতীয় স্বাধীনতা কাপের শিরোপা ঘরে তুললো বসুন্ধরা। ম্যাচের শুরু থেকে আক্রমণাত্নক ফুটবল খেলতে থাকে বসুন্ধরা। অন্যদিকে কিছুটা কাউন্টার অ্যাটাক নির্ভর ফুটবল খেলতে থাকে মোহামেডান। তবে প্রথমার্ধে গোলের দেখা পায়নি কোনো দল। গোলশূন্য থেকে বিরতিতে যায় দু’দল।

তবে বিরতি থেকে ম্যাচের ৪৮ মিনিটে দশজনের দলে পরিণত হয় বসুন্ধরা কিংস। সেই সুবিধা নিয়ে ম্যাচের ৫০ মিনিটে ডেড লক ভাঙে মোহামেডান। তবে এক মিনিটে পরেই গোল করে বসুন্ধরাকে সমতায় ফেরান রাকিব হোসেন।

এরপর ম্যাচের ৮২ মিনিটে গোল করে দলকে লিড নেন দেন ব্রাজিলিয়ান ডরিয়েল্টনে। এরপর গোল শোধে মরিয়া হয়ে খেলতে থাকে মোহামেডান। তবে গোল পেতে ব্যর্থ হয় তারা। শেষ পর্যন্ত ২-১ গোলের জয় নিয়ে শিরোপা উদযাপনে মাতে বসুন্ধরার ফুটবলাররা।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে দুইটি আসনে প্রতীক পেলেন ১৩ প্রার্থী

মেহেরপুরে দুইটি সংসদীয় আসনে ১৩ প্রার্থীর মাঝে প্রতীক বরাদ্দ করেছেন জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক শামীম হাসান। ১৩ জনের মধ্যে ১০ জনকে দলীয় প্রতীক দেওয়া হয় এবং স্বতন্ত্র তিন জন তাদের নিজের পছন্দের প্রতীক আবেদন করলে তা বরাদ্দ দেওয়া হয়।

সোমবার সকাল ১১ টার দিকে মেহেরপুর-১ (সদর-মুজিবনগর) আসনে প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ দেওয়া হয়। এসময় আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ফরহাদ হোসেনকে (নৌকা), জাতীয় পার্টি মনোনীত প্রার্থী আব্দুল হামিদকে (লাঙ্গল), এনপিপি তরিকুল ইসলামকে (আম),

সাংস্কৃতিক মুক্তিজোটের প্রার্থী বাবলু জোমকে (ছড়ি), স্বতন্ত্র সংসদ সদস্য প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানকে (ট্রাক) ও জয়নাল আবেদীনকে (ঈগল পাখি) প্রতীক বরাদ্দ দেওয়া হয়।

পরে দুপুর ১২ টার সময় মেহেরপুর-২ (গাংনী) আসনে প্রার্থীদের মধ্যে নির্বাচনী প্রতীক দেওয়া হয়। এসময় আওয়ামী লীগের মনোনীত প্রার্থী আবু সালেহ মোঃ নাজমুল হককে (নৌকা), জাতীয়র পার্টির কেতাব আলীকে (লাঙ্গল), তৃণমূল বিএনপির প্রার্থী আব্দুল গণীকে (সোনালি আঁশ), সাংস্কৃতিক মুক্তিজোটের মো: শাহজামালকে (ছড়ি), এনপিপির প্রার্থী গোলাম রসুলকে (আম), বাংলাদেশ কংগ্রেসের প্রার্থী আল ফারুককে (ডাব) ও স্বতন্ত্র সংসদ সদস্য প্রার্থী মকবুল হোসেনকে (ট্রাক) প্রতীক বরাদ্দ দেওয়া হয়।

মেহেরপুরে আন্তর্জাতিক অধিবাসী দিবস উপলক্ষে আলোচনা সভা

‘প্রবাসী কর্মীরা উন্নয়নের অংশীদার সমুন্নত রাখবো তাদের অধিকার’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে আজ সোমবার ১৮ ডিসেম্বর সকাল দশটার সময় আন্তর্জাতিক অধিবাসী দিবস ২০২৩ উপলক্ষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের সভাপতিত্বে আলোচনা সভা উপস্থিত ছিলেন স্থানীয় সরকারের উপ-পরিচালক শামীম হোসেন, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ সাজেদুল ইসলাম, মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এজেএম সিরাজুম মূনীর, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)র অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) মোঃ আরিফ হোসেন তালুকদার।

সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ আবীর হোসেনের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)র অধিবাসী প্রশিক্ষণ মোঃ আমির হোসেন, আনিসুর রহমান মাসুদ, পারভেজ ইসলাম, মনির হোসেন প্রমুখ।